



জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd



প্রেস-রিলিজ

তারিখ : ১৭/০৯/২০১৯ খ্রি:

বরিশাল বিশ্ববিদ্যালয়ে বিএনসিসির ব্যাটালিয়ন ক্যাম্পিং পরিদর্শন করলেন বিশ্ববিদ্যালয়ের দায়িত্বপ্রাপ্ত উপাচার্য

বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোর সুন্দরবন রেজিমেন্ট, খুলনা-২৫ ব্যাটালিয়নের ব্যাটালিয়ন ক্যাম্পিং (বিসি)-০৫/২০১৯ এর কার্যক্রম পরিদর্শন করেন দায়িত্বপ্রাপ্ত উপাচার্য অধ্যাপক ড. এ কে এম মাহবুব হাসান। অদ্য ১৭ সেপ্টেম্বর দুপুর ১২ টায় তিনি ক্যাম্পিং এর নানা কার্যক্রম পরিদর্শন করেন। এসময় বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোর সুন্দরবন রেজিমেন্টের ভারপ্রাপ্ত রেজিমেন্ট কমান্ডার মেজর শরীফুজ্জামান, বরিশাল বিশ্ববিদ্যালয় বিএনসিসি সেনা শাখার ২/লেফটেন্যান্ট এবং ববির ইতিহাস ও সভ্যতা বিভাগের চেয়ারম্যান ড. মোহাম্মদ আবদুল বাতেন চৌধুরী, বিভিন্ন বিভাগের সম্মানিত বিভাগীয় প্রধান, প্রক্টর, প্রভোস্ট, পরিচালকবৃন্দ, শিক্ষক সমিতির নেতৃবৃন্দ, দপ্তর প্রধানগণ, বিএনসিসি ক্যাডেট সদস্যবৃন্দসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন। বরিশাল বিশ্ববিদ্যালয়ে গত ১৪ সেপ্টেম্বর ২০১৯ তারিখ থেকে শুরু হয়ে সপ্তাহব্যাপী বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোর সুন্দরবন রেজিমেন্ট, খুলনা-২৫ ব্যাটালিয়নের এ ক্যাম্পিং আগামী ২০ সেপ্টেম্বর ২০১৯ তারিখ সমাপ্ত হবে।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে



উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস